

২৩৬  
২৫/৩/২০

Mrs. Sayeda

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
এফএ অ্যান্ড এমআইএস উইং  
পরিসংখ্যান ভবন  
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭  
www.bbs.gov.bd

২৫/৩/২০২০



নং-৫২.০১.০০০০.১০১.৪৫.১০৪.২০-৮৫২

তারিখঃ ০৭, চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ  
২৬, মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

সারা বিশ্বে করোনা ভাইরাস (Novel COVID-19) জনিত রোগ বৈশ্বিক মহামারিরূপে দেখা দিয়েছে। এটি একটি প্রাণঘাতী সংক্রামক ব্যাধি যা মানুষের হাঁচি, কাশি, স্পর্শ ইত্যাদির মাধ্যমে ছড়িয়ে থাকে। তবে আক্রান্ত ব্যক্তি থেকে সঙ্গ নিরোধের মাধ্যমে এ রোগ থেকে মুক্ত থাকা যায়। বাংলাদেশেও ইতোমধ্যে এ রোগ সনাক্ত হয়েছে এবং রোগটি মহামারি আকারে সংক্রামনের আশংকা রয়েছে। এ রোগ থেকে দেশ ও জাতিকে রক্ষা করতে ব্যাপক জনসচেতনতা প্রয়োজন। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কোন কর্মকর্তা/কর্মচারী জ্বর, সর্দি, কাশি, শ্বাসকষ্ট ইত্যাদিতে আক্রান্ত হলে তাঁকে হোম কোয়ারেন্টিনে থাকা অত্যাবশ্যিক। তাছাড়া, বিবিএস এর কর্মকর্তা/কর্মচারী যে বাসায় কিংবা ভবনে বসবাস করেন সে বাসায়/ভবনে কোন ব্যক্তি এ রোগে আক্রান্ত হলেও তাঁকে হোম কোয়ারেন্টিনে (Home Quarantine) থাকা জরুরি।

০২। এমতাবস্থায়, করোনা ভাইরাস (Novel COVID-19) জনিত রোগ প্রতিরোধে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য বিবিএস এ একটি কন্ট্রোল রুম খোলা হলো। উক্ত কন্ট্রোল রুম এর দায়িত্ব পালনের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসাবে নির্দেশক্রমে নিয়োগ প্রদান করা হলো।

ক্রমিক নং	কন্ট্রোল রুমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী	টেলিফোন ও মোবাইল নম্বর	কন্ট্রোল রুমের অবস্থান/কক্ষ নং	মন্তব্য
০১)	জনাব মোঃ সাহাবুদ্দীন সরকার উপপরিচালক (প্রশাসন) এফএ অ্যান্ড এমআইএস উইং	০১৭১১৭৩৬৯০৮ ইন্টারকমঃ ১৭০৫	কক্ষ নং- ৮১১ এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
০২)	জনাব মোঃ মাহমুদুজ্জামান উপপরিচালক (সমস্বয়) এফএ অ্যান্ড এমআইএস উইং	০১৭২০৪৩৩৪২৩ ইন্টারকমঃ ১৭১৭		বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা

ফোকাল পয়েন্ট কর্মকর্তার করণীয়:

- ক) কোন কর্মকর্তা/কর্মচারী (আউটসোর্সিংসহ) জ্বর, সর্দি, কাশি, শ্বাসকষ্ট ইত্যাদিতে আক্রান্ত হলে কিংবা তিনি যে বাসায় বা ভবনে বসবাস করেন সে বাসায়/ভবনে কোন ব্যক্তি এ রোগে আক্রান্ত হলে তাঁকে সনাক্তকরণ এবং সঙ্গ নিরোধ ছুটিতে যাওয়ার বিষয়টি নিশ্চিতকরণ।
- খ) কোন কর্মকর্তা/কর্মচারীর (আউটসোর্সিংসহ) শরীরের তাপমাত্রা স্বাভাবিক এর চেয়ে বেশী হলে কন্ট্রোল রুমকে অবহিতপূর্বক অফিস ত্যাগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- গ) করোনা ভাইরাস সংক্রামনরোধক সতর্কতাসমূহের কোন ব্যত্যয় ঘটলে কর্তৃপক্ষের নজরে আনা।
- ঘ) করোনা ভাইরাস (Novel COVID-19) জনিত রোগ বিষয়ক তথ্য সময়ে সময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরণ।

২৫/৩/২০২০

মোঃ এমদাদুল হক  
পরিচালক

টেলিফোন নং-৫৫০০৭০৬৮

ই-মেইলঃ [emdad1972@yahoo.com](mailto:emdad1972@yahoo.com)

বিতরণঃ কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ০১) পরিচালক (সকল) ..... বিবিএস, ঢাকা (অধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ)।
- ০২) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (অফিস আদেশটি বিবিএস এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৩) সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪) প্রকল্প পরিচালক (সকল), ..... বিবিএস, ঢাকা (অধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ)।
- ০৫) যুগ্মপরিচালক, এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।
- ০৬) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সকল), ..... বিবিএস, ঢাকা (অধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ)।
- ০৭) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিবিএস, ঢাকা।
- ০৮) উপমহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিবিএস, ঢাকা।
- ০৯) সংশ্লিষ্ট কর্মকর্তা জনাব ..... বিবিএস, ঢাকা।
- ১০) অফিস কপি।